দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 JAN 2016
পৃষ্ঠা 15 কলাম 4

### জঙ্গী সন্দেহে গ্রেফতার

# চবির সেই তিন ছাত্র ফের ৪ দিনের রিমান্ডে

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রামের হাটহাজারীর আমানবাজারে জঙ্গী আস্তানা থেকে অস্ত্র ও বিস্ফোরক উদ্ধারের ঘটনায় দায়ের হওয়া মামলায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের তিন ছাত্রকে ফের চারদিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। সোমবার চট্টগ্রামের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসানের আদালত জঙ্গী সন্দেহে আটক এ তিনজনের রিমান্ড মঞ্জুর করেন।

চট্টগ্রাম জেলা পুলিশের আদালত পরিদর্শক মশিউর রহমান জানান, চবির এই তিন ছাত্র হলো- নাইমুর রহমান, ফয়সাল মাহমুদ ও শওকত রাসেল। গত ২৬ ডিসেম্বর শনিবার তাদের নগরীর কাজির দেউরি, নালাপাড়া ও কসমোপলিটন এলাকা থেকে গ্রেফতার করেছিল পুলিশ। হাটহাজারী থানায় অস্ত্র আইনে দায়ের হওয়া মামলায় পুলিশের পক্ষ থেকে তাদের গ্রেফতার দেখানোর আবেদন করা হলে আদালত তা মঞ্জুর করে। পুলিশের আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারক তাদের চার দিনের রিমান্ডও মঞ্জুর করেন।

উল্লেখ্য, জঙ্গী সন্দেহে আটক এ তিনজনের তথ্যের ভিত্তিতে হাটহাজারীর আমানবাজার এলাকার একটি বাড়িতে জঙ্গী আস্তানার সন্ধান মেলে। সেখান থেকে উদ্ধার হয় আগ্নেয়াস্ত্র, গুলি, সামরিক বাহিনীর পোশাক ও বিভিন্ন ধরনের বিশেষায়িত সরঞ্জাম। এ ঘটনায় তাদের বিরুদ্ধে অস্ত্র, বিস্ফোরক ও সন্ত্রাস দমন আইনে তিনটি মামলা দায়ের হয়েছে।